সংবাদ।

তারিখ ২৮।৫।৮১
পৃষ্ঠা ... কলাম ...

047

429

# চট্টগ্রামে পরীক্ষার্থীর হামলায় পরিদর্শক আহত

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৫শে মে।—স্থানীয় ওমর গণি এম ই এস কলেজে উচ্চ মাধ্যমিক পরীক্ষা চলাকালে কিছুসংখ্যক উচ্ছৃঙ্খল পরীক্ষার্থীর হামলায় একজন পরিদর্শক আহত হয়েছেন। তাঁর মাথায় ও পায়ে আঘাত লেগেছে।

উচ্চ মাধ্যমিক ১ম পর্ব ইংরেজী পরীক্ষায় কড়াকড়িভাবে নকল ধরায় পরীক্ষা শেষে ছাত্ররা উক্ত পরিদর্শকের উপর হামলা চালায়। পরীক্ষার্থীরা একই কেন্দ্রের অন্যান্য পরিদর্শকদের উপরও হামলা চালায়।

ঘটনার প্রতিবাদে ওমর গণি এম ই এস কলেজের ১৩ জন পরিদর্শক আগামীকাল পরীক্ষায় পরিদর্শন কাজ বর্জন করবেন।